



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
পরিকল্পনা বিভাগ
সামাজিকবিজ্ঞান গবেষণা পরিষদ
ssrc.portal.gov.bd

নং-২০.০০.০০০০.৩০৯.২৪.৫৬০.১৭-

তারিখঃ জানুয়ারি, ২০২১ খ্রিস্টাব্দ
মাঘ, ১৪২৭ বঙ্গাব্দ

প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা
পরিকল্পনা বিভাগ
হিসাব ভবন, সেগুনবাগিচা, ঢাকা।

বিষয়ঃ পরিকল্পনা বিভাগের অধীন সামাজিকবিজ্ঞান গবেষণা পরিষদ কর্তৃক আন্তর্জাতিক সংস্থা Association of Asian Social Science Research Councils (AASSREC) -এর ২০২০ সালের বার্ষিক চাঁদা বাবদ ৬০০ (ছয়শত) মার্কিন ডলার পরিশোধের নিমিত্ত প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, পরিকল্পনা বিভাগ, হিসাব ভবন, ফেজ-৩, সেগুনবাগিচা, ঢাকা-কে 'অর্থরিটি' প্রদান।

মহোদয়,

আপনার সানুগ্রহ দৃষ্টি আকর্ষণপূর্বক নির্দেশিত হয়ে জানাচ্ছি যে, পরিকল্পনা বিভাগের অধীন 'সামাজিকবিজ্ঞান গবেষণা পরিষদ' আন্তর্জাতিক পর্যায়ে 'Association of Asian Social Science Research Councils (AASSREC)' -শীর্ষক আন্তর্জাতিক সংস্থার নিয়মিত ও পূর্ণাঙ্গ সদস্য হিসেবে বিগত ১৯৭৭ সাল থেকে বার্ষিক চাঁদা পরিশোধ করে আসছে। ইতঃপূর্বে সর্বশেষ ২০১৯ সালে উল্লিখিত আন্তর্জাতিক সংস্থাটির চাঁদা ৬০০ (ছয়শত) মার্কিন ডলার সমপরিমাণ অর্থ ও তারবার্তার খরচসহ মোট ৫১,০৭৫.০০ (একান্ন হাজার পঁচাত্তর) টাকা পরিশোধ করা হয়েছে।

০২। উক্ত আন্তর্জাতিক সংস্থাটির ২০২০ সালের বার্ষিক চাঁদা বাবদ ৬০০ (ছয়শত) মার্কিন ডলার পরিশোধের জন্য চলতি ২০২০-২০২১ অর্থ বছরের বাজেটে পরিকল্পনা বিভাগের অনুকূলে "৩২১১১১২: চাঁদা" খাতে ৫৫,০০০.০০ (পঞ্চাশ হাজার) টাকার সংস্থান রাখা হয়েছে (সংযুক্তি-'ক')। বর্তমান স্থানীয় বৈদেশিক মূদ্রা বিনিময় হার অনুযায়ী প্রতি মার্কিন ডলার আনুমানিক ৮৬/- টাকা হারে হারে (৬০০ X ৮৬) = ৫১,৬০০/- (একান্ন হাজার ছয়শত) টাকা ব্যয় হবে। এছাড়া উল্লিখিত আন্তর্জাতিক সংস্থার নিম্নবর্ণিত ঠিকানায় চাঁদা প্রেরণের জন্য প্রয়োজনীয় সার্ভিস চার্জ বাবদ ব্যয়ও সংশ্লিষ্ট খাত হতেই নির্বাহযোগ্য।

০৩। এমতাবস্থায়, আন্তর্জাতিক প্রতিষ্ঠান AASSREC এর অনুকূলে ২০২০ সালের বার্ষিক চাঁদা বাবদ ৬০০ (ছয়শত) মার্কিন ডলার নিম্নোক্ত ঠিকানায় প্রেরণের যথাবিহিত ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে বিনীত অনুরোধ জানাচ্ছি।

আপনার বিশ্বস্ত

সংযুক্তিঃ বর্ণনামতে।



(কামরুজজামান)

উপসচিব

ফোনঃ ৯১৮০৫৯৮

ই-মেইলঃ

ssrc.planningdivision@yahoo.com

চাঁদা প্রেরণের ঠিকানাঃ

Payment can be made by cheque payable to ASSA or remitted electronically to:

Account Name : Academy of the Social Sciences in Australia (ASSA)
Main Account

Branch No. : 06 2903, Account No. : 00905715

Name of Bank : Commonwealth Bank

Branch of Bank: Australian National University, Canberra A.C.T.

Swift Code : CTBAU2S


(অপর পৃষ্ঠা দ্রষ্টব্য)

নং-২০.০০.০০০০.৩০৯.২৪.৫৬০.১৭- ৫২

তারিখঃ ২৭ জানুয়ারি, ২০২১ খ্রিস্টাব্দ
০৩ মাঘ, ১৪২৭ বঙ্গাব্দ

সদয় অবগতির জন্য অনুলিপিঃ

- ১। অতিরিক্ত সচিব (এসএসআরসি), পরিকল্পনা বিভাগ, ঢাকা।
- ২। মহাব্যবস্থাপক, ফরেন রিজার্ভ এন্ড ট্রেজারী ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট (ফরেন রেমিটেন্স সেকশন)
বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, মতিঝিল, ঢাকা।
- ৩। সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, পরিকল্পনা বিভাগ, ঢাকা
(পরিকল্পনা বিভাগের Website এ প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
- ৪। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, পরিকল্পনা বিভাগ, ঢাকা।
- ৫। বাজেট অফিসার, পরিকল্পনা বিভাগ, ঢাকা।
- ৬। হিসাব রক্ষণ কর্মকর্তা, পরিকল্পনা বিভাগ, ঢাকা।
- ✓ ৭। গবেষণা অনুসন্ধানী, এসএসআরসি, পরিকল্পনা বিভাগ, ঢাকা (এসএসআরসির Website এ প্রকাশের প্রয়োজনীয়
ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।


(কামরুজজামান)
উপসচিব